গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
( জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শাখা )
www.rangamati.gov.bd

# জেলা ইনোভেশন টিম, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **এস.এম. ফেরদৌস ইসলাম**<br>অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| **তারিখ** | : | ২৮ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ |
| **সময়** | : | সকাল ১১.০০ |
| **স্থান** | : | জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ |
| **উপস্থিতি সদস্যবৃন্দ** | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

১। অতঃপর গত ২৭/০২/২০২২ তারিখে জেলা ইনোভেশন টিম, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

২। গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | **<u>জেলার সরকারি দপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত:</u>**<br><br>সভায় জেলা ইনোভেশন অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ইনোভেশন কার্যক্রমের উপর বক্তব্য প্রদান করেন এবং সভায় জেলা পর্যায়ে কর্মকর্তাগণকে তাদের নিজ নিজ দপ্তরে ইতিপূর্বে গৃহীত ইনোভেশন কার্যক্রমের উপর তথ্য উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।সভায় জেলা শিক্ষা অফিসার জনাব মুহাম্মদ জাহাঙ্গীর আলম জানান যে, তিনি তাঁর দপ্তরের ২টি গুরুত্বপূর্ণ কাজ অর্থাৎ শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিনিধি নিয়োগ এবং শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন এর কার্যক্রমকে গত আগস্ট/২০২১ হতে ই-মেইল মাধ্যমে সহজে প্রদান প্রক্রিয়া শুরু করেছেন। এতে করে দুর্গম অঞ্চলের সংশ্লিষ্ট সেবাগ্রহীতা সহজে সেবাটি প্রাপ্ত হচ্ছেন মর্মে সভাকে অবহিত করেন। জেলা শিক্ষা অফিসার এ ধরনের এ কার্যক্রম গ্রহণ করায় সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় সভাপতি জানান যে, জেলা প্রশাসনের উদ্যোগে বঙ্গবন্ধু বৃত্তি কার্যক্রমে যেন দুর্গম অঞ্চলের মেধাবী শিক্ষার্থীগণের নিকট হতে সহজে আবেদন দাখিল করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে জেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান।সভার এ পর্যায়ে সভায় সংযুক্ত গণপূর্ত বিভাগের সহকারী প্রকৌশলী জনাব মোহাম্মদ তৌকির হোসাইন-গণপূর্ত বিভাগ, রাঙ্গামাটি কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে সভায় অবহিত করার জন্য অনুরোধ জানালে তিনি জানান যে, গণপূর্ত বিভাগের একটি গুরুত্বপূর্ণ কাজ হলো ঠিকাদার নিয়োগের জন্য ঠিকাদার কর্তৃক প্রত্যয়ন কার্যসম্পাদন সনদগুলো দ্রুততম সময়ে যাচাই করা। কাজটি ই-মেইল এর মাধ্যমে করা হত বিধায় সময়সাপেক্ষে ছিল।এ কার্যক্রমটি গ্রহণের ফলে গণপূর্ত বিভাগ হতে সম্পাদিত কাজের ঠিকাদারগণের কর্মসম্পাদন সনদপত্রসমূহ ওয়েব সিস্টেমে আপলোড করা থাকে ফলে যেকোন কর্তৃপক্ষ সহজেই যাচাই করতে পারে।যার ফলে সরকারের উন্নয়ন কাজের গতিশীলতা | ১) জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহের গৃহীত এবং গৃহীতব্য নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগের হালনাগাদ তথ্য প্রেরণের জন্য সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে:**<br>০১। জেলা পর্যায়ের সংশ্লিষ্ট প্রধান প্রধানগণ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>০৩। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, রাঙ্গামাটি<br><br>২) জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত বঙ্গবন্ধু বৃত্তির আবেদনপত্র প্রক্রিয়া অনলাইনে গ্রহণের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এবং জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা-কে কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে:**<br>০১। সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা<br>০২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রাঙ্গামাটি<br>০৩। জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| | বৃদ্ধি পাচ্ছে।এ ধরনের একটি উদ্যোগ গ্রহণের জন্য সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>সভায় জেলা মহিলা অধিদপ্তরের উপপরিচালক জনাব হোসনে আরা বেগম সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তর কর্তৃক ইতোমধ্যে একটি ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে যার নাম "নিজের বাল্যবিবাহ নিজে রুখবো" এ কার্যক্রমের আওতায় উপজেলা পর্যায়ের সকল মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষে প্রয়োজনীয় ফোন নম্বর (বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত দপ্তরের) ও প্রধান কর্মকর্তাগণের ফোন নম্বর সম্বলিত স্টিকার ব্ল্যাকবোর্ড এর পাশে স্থাপন করা হচ্ছে যা বাল্যবিবাহ বন্ধে কার্যকর ভূমিকা রাখছে। এ কার্যক্রমের বিষয়ে আরও বিশদ পরিকল্পনা বাস্তবায়নাধীন রয়েছে। তাঁর এ ধরনের কার্যক্রমের বিষয়ে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ কার্যক্রমকে আরও বৃহৎ পরিসরে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও সভায় সরকারি দপ্তরসমূহের ইনোভেশন কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে জেলা এবং উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক বিভিন্ন সময় যুগোপযোগী উদ্যোগ গ্রহণ করা হয় এবং এ সকল উদ্যোগ গ্রহণে নাগরিক সেবা এবং দাপ্তরিক কাজে গতিশীলতা অনেক বৃদ্ধি পেয়েছে। এ সকল উদ্যোগসমূহের বিস্তারিত তথ্য সংগ্রহ, বাস্তবায়নে সহযোগিতার করার নিমিত্ত উদ্যোগের হালনাগাদ তথ্য একান্ত প্রয়োজন।উদ্যোগসমূহের হালনাগাদের তথ্য সংগ্রহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | |
| ০২. | **জেলা প্রশাসন হতে গৃহীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত:**<br>সহকারী কমিশনার (আইসিটি) সভাকে অবহিত করেন যে, রাঙ্গামাটি পার্ক এর দৃষ্টিনন্দন ডাইনামিক ওয়েব সাইট তৈরির কার্যক্রমটি চলমান রয়েছে। ওয়েব সাইটটি হালনাগাদ করণে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা হয়। কাজটি দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। ডিজিটাল হাব ব্যবস্থাপনা সিস্টেমটির অধিকাংশ কাজ ইতোমধ্যে সম্পাদন করা হয়েছে। অবশিষ্ট কাজ শীঘ্রই শেষ করার পরিকল্পনা গ্রহণ করে কার্যক্রম পরিচালিত হচ্ছে। উত্তরাধিকার সনদপত্র অনলাইন সিস্টেম তৈরি কাযক্রম চলমান রয়েছে। কার্যক্রমসমূহ দ্রুততম সময়ে বাস্তবায়নের জন্য প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়ের প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণকে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**বাস্তবায়নে:**<br>১। প্রোগ্রামার<br>২। সহকারী প্রোগ্রামার (সকল)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>উপজেলা কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ০৩. | **বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী উদ্যোগের সাথে সম্পৃক্ত উদ্ভাবকগণকে জেলা ইনোভেশন টিমের সভায় আমন্ত্রণ সংক্রান্ত:**<br>জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাদের উদ্ভাবনী উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, বাস্তবায়ন চ্যালেঞ্জ ইত্যাদি অবহিত হওয়ার জন্য জেলা প্রশাসনে প্রেরিত সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী উদ্ভাবকগণকে মাসিক জেলা ইনোভেশন টিমের সভায় আমন্ত্রণ জানানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের উদ্ভাবকগণকে উদ্ভাবনী উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি অবহিত করার লক্ষ্যে তাদেরকে মাসিক জেলা ইনোভেশন টিমের সভায় আমন্ত্রণ জানানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে:<br>০১। জেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>০৩। সহকারী কমিশনার (আইসিটি) |

| ক্রমিক | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| ০৪. | **মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় গঠিত ইনোভেশন টিম সংক্রান্তঃ** উপজেলা উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গঠিত জেলা ও উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পর্যায়ে নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং বিভিন্ন সরকারি সেবা যাতে জনগণ সহজেই পেতে পারে এ সংক্রান্ত নতুন নতুন ইনোভেশন উদ্যোগ গ্রহণসহ যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে:** উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাঙ্গামাটি পার্বত্য জেলা। |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্থতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪|০৪|২০২২

(এস.এম. ফেরদৌস ইসলাম)
অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও
জেলা ইনোভেশন অফিসার
রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২১৬.০৬.০২২.২২- ৪৩

তারিখ : ২১ চৈত্র ১৪২৮
০৪ মার্চ ২০২২

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
০৫। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
০৬। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
০৭। জেলাপ্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৯। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১১। অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১২। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর/ কাউখালী/ কাপ্তাই/ রাজস্থলী/ বিলাইছড়ি/ জুরাছড়ি/ বরকল/ নানিয়ারচর/ লংগদু/ বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১৩। ......................................................................................................................., রাঙ্গামাটি পার্বত্য জেলা
১৪। নেজারত ডেপুটি কালেক্টর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১৫। সহকারী কমিশনার, ......................................................................................, এ কার্যালয়
১৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১৭। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা

০৪|০৪|২০২২

অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রাঙ্গামাটি পার্বত্য জেলা